গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ন্যাশনাল ডিজাষ্টার রেসপন্স কো-অরডিনেশন সেন্টার (NDRCC)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং ৫১.০০.০০০০.৪২৩.৪০.০০৪.২০১৬-২১৭ তারিখঃ ১৭/০৭/২০১৬
সময়ঃ রাত ১২.০০ টা।

**বিষয়ঃ দুর্যোগ সংক্রান্ত ১৭.০৭.২০১৬ তারিখের দৈনিক প্রতিবেদন।**

**সমুদ্র সতর্কতা: সমুদ্র বন্দর সমূহের জন্যকোন সতর্কতা সংকেতনেই।**

**নদীবন্দর সমূহের জন্য সতর্ক সংকেতঃ** (আজ সন্ধ্যা ৬.০টা পর্যন্ত)

রাজশাহী, বগুড়া, পাবনা, টাংগাইল, ময়মনসিংহ, ঢাকা, ফরিদপুর, যশোর, কুষ্টিয়া, খুলনা, বরিশাল, পটুয়াখালী, কুমিল্লা, নোয়াখালী, চট্টগ্রাম, কক্সবাজার ও সিলেট অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলকার নদী বন্দরসমূহের জন্য ০১ (এক) নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

পূর্বাভাসঃ রাজশাহী, রংপুর, ঢাকা, ময়মনসিংহ, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় অস্থায়ী দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।

তাপমাত্রা ঃ সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**গত ২৪ ঘন্টায় বিভাগওয়ারী দেশের সর্বোচ্চ এবং সর্বনিম্ন তাপমাত্রা নিম্নরূপঃ**

| বিভাগের নাম | ঢাকা | ময়মনসিংহ | চট্টগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ২৯.৫ | ২৯.০ | ৩০.০ | ৩০.৮ | ৩০.০ | ৩২.০ | ৩২.২ | ৩১.০ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২৫.৪ | ২৬.০ | ২৩.৬ | ২৫.০ | ২৬.২ | ২৫.০ | ২৫.৭ | ২৫.০ |

* দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল রাংগামাটি ৩২.২ ডিগ্রী সে. এবং সর্বনিম্ন তাপমাত্রা ছিল মংলা ২৩.৬ ডিগ্রী সে.।

০২। **নদ-নদীর পানি হ্রাস /বৃদ্ধির সর্বশেষ অবস্থাঃ** (তথ্যসূত্রঃ বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাপাউবো)

| | | | |
|---|---|---|---|
| মোট পর্যবেক্ষণ পয়েন্টের সংখ্যা | ৯০ টি | পানি স্থিতিশীল রয়েছে | ০৪ টি |
| পানি বৃদ্ধি পেয়েছে | ৩৯ টি | তথ্য পাওয়া যায়নি | ০৪ টি |
| পানি হ্রাস পেয়েছে | ৪৩ টি | বিপদসীমার উপরে দিয়ে প্রবাহিত হচ্ছে | ০২ টি |

**নিম্নবর্ণিত ০২ টি পয়েন্টে নদীর পানি বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছেঃ**

| ক্র.নং | জেলার নাম | নদীর নাম | ষ্টেশনের নাম | পানি বৃদ্ধি (+) হ্রাস (-)(cm) | বিপদসীমার উপরে আছে ( cm) |
|---|---|---|---|---|---|
| ০১ | নীলফামারী | ডালিয়া | তিস্তা | +১৫ | + ১০ |
| ০২ | নেত্রকোনা | কংশ | জারিয়াজাঞ্জাইল | -০৪ | + ৪৬ |

**এক নজরে নদ-নদীর পরিস্থিতি**

- ব্রহ্মপুত্র-যমুনা ও সুরমা-কুশিয়ারা নদ-নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে, অপরদিকে গঙ্গা-পদ্মা নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে।
- ব্রহ্মপুত্র-যমুনা ও সুরমা-কুশিয়ারা নদ-নদীসমূহের পানি সমতল আগামী ৪৮ ঘন্টা পর্যন্ হাস পেতে পারে।
- গঙ্গা-পদ্মা নদীসমূহের পানি সমতল আগামী ৪৮ ঘন্টা পর্যন্ বদ্ধি পেতে পারে।

০৩। **গত ২৪ ঘন্টায় দেশের বিভিন্ন স্থানে উল্লেখযোগ্য বৃষ্টিপাতঃ (গতকাল সকাল ৯ টা থেকে আজ সকাল ৯টা পর্যন্ত)**

| স্টেশন | বারিপাত | স্টেশন | বারিপাত | স্টেশন | বারিপাত | স্টেশন | বারিপাত |
|---|---|---|---|---|---|---|---|
| রংপুর | ৯৫.০ | টেকনাফ | ৮০.০ | লড়েরগড় | ৭৫.০ | পঞ্চগড় | ৬৮.৫ |
| নোয়াখালী | ৬৭.৫ | কক্সবাজার | ৬৭.০ | সুনামগঞ্জ | ৬৫.০ | কুড়িগ্রাম | ৬২.৫ |
| বরগুনা | ৬০.০ | চাঁপাই | ৫৮.০ | চিলমারী | ৫২.০ | নীলফামারী | ৪৯.০ |

০৪। **নদী ভাংগনঃ**

**নীলফামারীঃ** গত ১৫/৭/২০১৬ইং তারিখ নীলফামারী জেলার জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তার কার্যালয় থেকে জানানো হয়েছে যে, জেলার ডিমলা উপজেলায় কাপা খড়িবাড়ী ইউনিয়নের চর খড়িবাড়ী মৌজায় তিস্তা নদীর পার্শ্ববর্তী সেবাশ্রম বাঁধ ভেংগে আবাসিক এলাকায় পানি প্রবেশ করেছে। ভাংগনের মুখে ২৫০টি ঘর অন্যত্র সরিয়ে নেয়া হয়েছে। ২টি সরকারি প্রাথমিক বিদ্যালয় ও ১টি হাই স্কুল ভাংগনের মুখে ক্ষতিগ্রস্ত হয়েছে। এছাড়াও কয়েকটি ব্রীজ হুমকির সম্মুখিন।

০৫। বাঁধ ভাংগন:

ফেনী :পি,আই,ও ফুলগাজী জানান গত ১৬.০৭.২০১৬ইং তারিখ রাতে ফুলগাজী উপজেলার সদর ইউনিয়নে একটি বেড়ী বাঁধ ভেংগে ০৫টি গ্রাম প্লাবিত হয়েছে।পানিতে কিছু ঘরবাড়ী ও ফসলের ক্ষতি হয়েছে। পানি কমিতেছে। পরিস্থিতির উন্নতি হচ্ছে। দুই একদিন বৃষ্টি না থাকলে পানি পুরোপুরি নেমে যাবে । ক্ষতিগ্রস্থ পরিবারের মাঝে ৩০০ প্যাকেট শুকনা খাবার বিতরণ করা হয়েছে। জেলা প্রশাসনের পক্ষ থেকে ক্ষতিগ্রস্থ ৫০০ পরিবারের মাঝে ২০কেজি হারে ১০মে:টন চাউল বিতরণ করা হয়েছে।পানি উন্নয়ন বোর্ড বাঁধ নির্মাণের ব্যবস্থা নিচ্ছে।

দুর্যোগ পরিস্থিতি মনিটরিং করার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের **NDRCC (**জাতীয় দুর্যোগ সাড়াদান সমন্বয় কেন্দ্র**)** ২৪ ঘন্টা (৭**x**২৪**)** খোলা রয়েছে। দুর্যোগ সংক্রান্ত যে কোন তথ্য আদান-প্রদানের জন্য **NDRCC**'র নিম্নবর্ণিত টেলিফোন/ ফ্যাক্স/ **email** নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছেঃ

**টেলিফোন নম্বরঃ ৯৫৪০৪৫৪, ৯৫৪৯১১৬, ৯৫৪৫১১৫, ৯৫৪৬৬৬৩; মোবাইল নম্বরঃ ০১৭১১-৪৪৭২৭৬ এবং ০১৯৩৭-১৬৩৫৮২**

**ফ্যাক্স নম্বরঃ ৯৫৪০৫৬৭, ৯৫৪৯১৪৮, ৯৫৭৫০০০; Email:** ndrcc@modmr.gov.bd

**স্বাক্ষরিত/-**
**(মোঃ নুরুল আমীন)**
উপ-সচিব (এনডিআরসিসি)
ফোনঃ ৯৫৪৫১১৫

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ**

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৪। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
০৫। প্রিন্সিপাল ষ্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৬। মহা-পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৭। অতিরিক্ত সচিব (প্রশাসন/দুঃব্যঃ/ত্রাণ/দুব্যক), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
০৮। মহা-পরিচালক (অতিরিক্ত সচিব),দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী,ঢাকা।
০৯। মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
১০। পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
১১। সিস্টেম এনালিষ্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। প্রতিবেদনটি ওয়েব সাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো।
১২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ইলেক্ট্রোনিক ও প্রিন্ট মিডিয়াতে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৩। সিনিয়র তথ্য কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।